47

তারিখ 14 APR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ডিগ্রী পরীক্ষা শুরু হইয়াছে সাড়ে ৪ মাস ॥ এখনও শেষ হয় নাই

আনোয়ার আলদীন ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষা শুরু হওয়ার পর সাড়ে ৪ মাস অতিক্রান্ত হইলেও এই পরীক্ষা গ্রহণ আজও সমাপ্ত হয় নাই। কবে নাগাদ এই পরীক্ষা সমাপ্ত হইবে উহাও নিশ্চিত নয়। গত বছর ৩০শে নভেম্বর হইতে এই পরীক্ষা শুরুর পর রাজনৈতিক অস্থিরতা ও বিভিন্ন কর্মসূচীর কারণে কমপক্ষে ৭ বার পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়।

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী

(শেষ পৃঃ পর)

ফলে পরীক্ষায় অংশগ্রহণকারী ১ লক্ষ ৮২ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ শিক্ষাজীবনে অনিশ্চয়তা দেখা দিয়াছে। পরীক্ষা শুরুর পর ৫২ দিন কোন পরীক্ষা গ্রহণ সম্ভব হয় নাই। ডিসেম্বর পর্যন্ত পরীক্ষা গ্রহণ মোটামুটি চলে। জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে হরতাল ও অন্যান্য রাজনৈতিক কর্মসূচীর কারণে ১৪ দিন পরীক্ষা বন্ধ ছিল। ঈদের ছুটি ছিল ৬ দিন। অসহযোগ আন্দোলনে ১৮ দিন এবং পরিবহন ধর্মঘটের কারণে ২ দিন পরীক্ষা গ্রহণ সম্ভব হয় নাই। ইতিমধ্যে অন্যান্য পরীক্ষা সমাপ্ত হইলেও রসায়ন, প্রাণিবিদ্যা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতিসহ ৮টি বিষয়ের প্রাকটিক্যাল পরীক্ষা শেষ হয় নাই। এই পরীক্ষাগুলি ১১ই মে হইতে ২০শে মে'র মধ্যে সম্পন্ন করার জন্য প্রাথমিক কর্মসূচী গৃহীত হইয়াছে বলিয়া জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়াছে।

এদিকে গ্রহণকৃত পরীক্ষার খাতা পরীক্ষকদের নিকট যথাসময়ে পেঁছান সম্ভব না হওয়ায় পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রেও অনিশ্চয়তা দেখা দিয়াছে। এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দলিলউদ্দিন মণ্ডল বলেন, বাহাদুরাবাদ রেল ফেরীঘাট বন্ধ থাকায় রাজশাহী ও খুলনা বিভাগের পরীক্ষকদের নিকট খাতা পেঁছান সম্ভব হয় নাই। ইতিমধ্যে পাঠান শুরু হইয়াছে। আমরা খাতা দ্রুত পাঠানর উদ্যোগ নিয়াছি। তিনি জানান, সকল পরীক্ষা শেষ হইলে এবং খাতার নম্বরপত্র হাতে আসিলে ফলাফল প্রকাশ করা হইবে। এই জন্য ছাত্র-ছাত্রীদের আগামী আগষ্ট মাস পর্যন্ত অপেক্ষা করিতে হইবে।